


## চীনে পাঠ্যবইয়ের স্থান দখল করবে আইপ্যাড

প্রযুক্তির অগ্রগতির সাথে সাথে এখন শিক্ষা ব্যবস্থায় ডিজিটাল সব পণ্যের ব্যবহার পরিণত হয়েছে স্বাভাবিকতায়। এখন বিভিন্ন দেশেই নিজস্ব পাঠ্যক্রমের সাথে উপযোগী করে তৈরি করা হচ্ছে নানান ধরনের ইবুক। তাছাড়া অনলাইনে নানান সাইটের মাধ্যমেও সব ধরনের পাঠ্যসূচী পাওয়া যাচ্ছে, পাওয়া যাচ্ছে শিক্ষা সহায়ক উপকরণও। পাশাপাশি পাশ্চাত্যের দেশগুলোতে এখন ক্লাসরুমেই ব্যবহৃত হচ্ছে ডিজিটাল সব ডিভাইস। বিশেষ করে ট্যাবলেট পিসি বের হওয়ার পর থেকে ক্লাসরুমে পাঠ্যবই বহন করার চাইতে এই ধরনের ডিভাইস ব্যবহারের প্রবণতা তৈরি হয়েছে সর্বত্র। ইতিমধ্যেই যুক্তরাষ্ট্র বা এরকম উন্নত দেশগুলোতে ক্লাসরুমে ট্যাবলেট পিসি, বিশেষ করে আইপ্যাড ব্যবহারকে উৎসাহিত করা হচ্ছে। এছাড়া ভারতেও নিজস্ব ব্র্যান্ডের ট্যাবলেট পিসি তৈরি করা হচ্ছে শিক্ষার্থীদের লক্ষ্য রেখেই। এবার চীনের ক্লাসরুমেও ব্যবহার হতে



যাচ্ছে আইপ্যাড। চীনের নানজিং শহরের জিনলিং হাই স্কুল কর্তৃপক্ষ এরই মধ্যে তিনজন শিক্ষার্থীকে আসছে সেপ্টেম্বর থেকে শুরু হওয়া শিক্ষাবর্ষে শ্রেণীকক্ষে আইপ্যাড ব্যবহারের অনুমতি প্রদান করেছে। স্কুল কর্তৃপক্ষ জানিয়েছে, তারা শ্রেণীকক্ষে আইপ্যাড ব্যবহারের অনুমতি দেওয়ার বিষয়টিকে গুরুত্বের সাথে বিবেচনা করছে এবং এটি সব শিক্ষার্থীদের জন্য উন্মুক্ত করার বিষয়টিও তারা ভাবছে। এই বিষয়ে জিনলিং হাই স্কুলের একটি বিভাগের ভাইস ডিরেক্টর জিন কিছুয়া বলেন,

'শ্রেণীকক্ষে আইপ্যাডের ব্যবহার শিক্ষার্থীদের বইয়ের ব্যাগ বহন করার ব্যামেলা থেকে বাঁচিয়ে দেবে। আবার আইপ্যাডের মাধ্যমেই এখন থেকে শিক্ষকরা শিক্ষার্থীদের নানান প্রশ্ন করতে পারবে এবং শিক্ষার্থীরাও আইপ্যাডের মাধ্যমেই তৎক্ষণাত উত্তর দিতে পারবে। ফলে যেসব শিক্ষার্থী এমনিতে শ্রেণীকক্ষে দাঁড়িয়ে প্রশ্নের উত্তর দিতে স্বাচ্ছন্দ্যবোধ করে না, তারাও এর মাধ্যমে নিজেদের প্রকাশ করতে পারবে। ফলে শ্রেণীকক্ষে শিক্ষার্থী এবং শিক্ষকের মাঝে সম্পর্ক হবে আরও গভীর।' জিন কিছুয়া আরও জানান, আইপ্যাড শ্রেণীকক্ষে ব্যবহার করা হলে বিদেশি ভাষার বিভিন্ন শিক্ষা সহায়ক ম্যাটেরিয়াল এবং স্যাট, টোফেল প্রভৃতি কোর্সের স্টাডি ম্যাটেরিয়ালও পাওয়া শিক্ষার্থীদের জন্য সহজ হবে। স্কুল কর্তৃপক্ষ ধারণা করছে, আইপ্যাড ব্যবহারের ফলে শিক্ষার্থীদের বই এবং এই ধরনের উপকরণের খরচ অর্ধেকেরও বেশি কমে যাবে। জিনলিং স্কুলের পাশাপাশি চীনের বিভিন্ন অংশের বিভিন্ন স্কুলেও একই ধরনের সিদ্ধান্ত নিয়ে আলোচনা চালিয়ে যাচ্ছেন স্কুল কর্তৃপক্ষ। জিনলিং স্কুলের এই উদ্যোগকে ইতিমধ্যেই স্বাগত জানিয়েছে চীনের বিভিন্ন শহরের শিক্ষার্থীরা। শ্রেণীকক্ষে আইপ্যাড ব্যবহারের জন্য তারাও মুখিয়ে আছে বলেই তারা প্রতিক্রিয়ায় জানিয়েছে। এদিকে পাঠ্যবইয়ের বদলে আইপ্যাডের ব্যবহার চালু হলে শিক্ষার্থীদের মধ্যে গেম খেলার প্রবণতা বাড়বে বলে আশংকা করছে অনেকে। এ প্রসঙ্গে অবশ্য শিক্ষকদের পক্ষ থেকে জানানো হয়েছে যে, শ্রেণীকক্ষে ব্যবহৃত আইপ্যাডে গেম বা যেকোনো ধরনের অ্যাপ্লিকেশন যাতে ইন্সটল না করা যায়, তার জন্য এসব ডিভাইসের উপর নিয়ন্ত্রণ থাকবে শিক্ষকদেরই। ফলে এবছরেই চীনের বিভিন্ন স্কুলে আইপ্যাড ব্যবহার পূর্ণাঙ্গভাবে শুরু হয়ে যাবে বলে আশা করা হচ্ছে।